



## বোধ পরীক্ষণ

প্রথমে তোমরা গদ্যাংশটি ভালো করে পড়ো এবং তারপর নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর লেখো।

সেদিনটা আমার খুব মনে পড়ে। সারাদিন অবিশ্রান্ত বৃষ্টিপাত হইয়াও শেষ হয় নাই। শ্রাবণের সমস্ত আকাশটা ঘন মেঘে সমাচ্ছন্ন হইয়া আছে এবং সন্ধ্যা উত্তীর্ণ হইতে না হইতেই চারিদিক গাঢ় অন্ধকারে ছাইয়া গিয়াছে। সকাল সকাল খাইয়া লইয়া আমরা কয় ভাই নিত্য প্রথামত বাইরে বৈঠকখানার ঢালা বিছানার উপর রেড়ির তেলের সেজ জ্বলাইয়া বই খুলিয়া বসিয়া গিয়াছি। বাইরের বারান্দায় একদিকে পিসেমশায় ক্যান্ডিশের খাটের উপর শূইয়া তাঁহার সান্দ্যতন্দ্রাটুকু উপভোগ করিতেছেন এবং অন্যদিকে বসিয়া বৃন্দ রামকমল ভট্টাচার্য আফিং খাইয়া, অন্ধকারে চোখ বুঁজিয়া থেলো হুঁকায় ধূমপান করিতেছেন। দেউড়িতে হিন্দুস্থানি পেয়াদাদের তুলসীদাসী সুর শূনা যাইতেছে এবং ভিতরে আমরা তিন ভাই মেজদার কঠোর তত্ত্বাবধানে নিঃশব্দে বিদ্যাভ্যাস করিতেছি। ছোড়া, যতীনদা ও আমি তৃতীয় ও চতুর্থ শ্রেণিতে পড়ি এবং গভীর-প্রকৃতির মেজদা বার দুই এন্ট্রান্স ফেল করিবার পর গভীর মনোযোগের সহিত তৃতীয়বারের জন্য প্রস্তুত হইতেছেন। তাঁহার প্রচণ্ড শাসনে এক মুহূর্ত কাহারো সময় নষ্ট করিবার জো ছিল না। আমাদের পড়ার সময় ছিল সাড়ে সাতটা হইতে নয়টা। এই সময়টুকুর মধ্যে কথাবার্তা কহিয়া মেজদার ‘পাসের পড়া’র বিঘ্ন না করি, এইজন্য তিনি নিজে প্রত্যহ পড়িতে বসিয়াই কাঁচি দিয়া কাগজ কাটিয়া বিশ-ত্রিশখানি টিকিটের মতো করিতেন। তাহার কোনোটিতে লেখা থাকিত ‘বাইরে’, কোনোটিতে ‘থুথু ফেলা’, কোনোটিতে ‘নাক ঝাড়া’, কোনোটিতে ‘তেষ্টা পাওয়া’ ইত্যাদি।

### ❖ এবার প্রশ্নগুলোর উত্তর লেখো।

(ক) সঠিক উত্তরটি বেছে নিয়ে টিক (✓) চিহ্ন দাওঃ

(১) আমরা তিনভাই মেজদার কঠোর তত্ত্বাবধানে নিঃশব্দে —

- |                   |                          |                      |                          |
|-------------------|--------------------------|----------------------|--------------------------|
| (অ) খেলাধুলা করছি | <input type="checkbox"/> | (আ) গান শিখছি        | <input type="checkbox"/> |
| (ই) নাচ শিখছি     | <input type="checkbox"/> | (ঈ) বিদ্যাভ্যাস করছি | <input type="checkbox"/> |

(২) আমাদের পড়ার সময় ছিল —

- |                       |                          |                                |                          |
|-----------------------|--------------------------|--------------------------------|--------------------------|
| (অ) ছটা থেকে দশটা     | <input type="checkbox"/> | (আ) চারটে থেকে সাতটা           | <input type="checkbox"/> |
| (ই) তিনটে থেকে পাঁচটা | <input type="checkbox"/> | (ঈ) সবে সাড়ে সাতটা থেকে নয়টা | <input type="checkbox"/> |

(৩) গল্পীৰ প্ৰকৃতিৰ মেজদা এন্ট্ৰাসে ফেল কৰেছিল —

(অ) একবাৰ



(আ) দু-বাৰ

(ই) তিনবাৰ



(ঈ) চাৰবাৰ

খ) নিচেৰে প্ৰশ্নগুলিৰ উত্তৰ দাও:

১. গল্প কথক ও তার সহপাঠীরা কোথায় পড়তে বসেছিলেন?
২. পিসেমশাই তখন কি কৰছিলে?
৩. বৃদ্ধ ৰামকমল ভট্ চায় কি কৰছিলে?
৪. যেদিনেৰ কথা গল্পে বলা হয়েছে সেই দিনটি কেমন ছিল
৫. কিসেৰ তেল জ্বালিয়ে তারা পড়ছিলে?

গ) শূন্যস্থান পূৰণ কৰো:

ছোড়দা, যতীনদা ও আমি \_\_\_ ও \_\_\_ শ্ৰেণীতে পড়ি।

সন্ধ্যা উত্তীৰ্ণ হইতে না হইতেই চাৰিদিগ গাঢ় \_\_\_\_\_ ছাইয়া গিয়াছে।